

ছাত্রদের গঠনমূলক ভূমিকা পালন করিতে হইবে

এরশাদ

প্রেসিডেন্ট ও প্রধান সামরিক আইন প্রশাসক লেঃ জেঃ এইচ, এম, এরশাদ ছাত্রদের প্রতি গঠনমূলক ভূমিকা পালনের আশ্বাস জানাইয়াছেন। গতকাল (মঙ্গলবার) ঢাকায় শহীদ সোহ-ওয়ার্দী কলেজ মিলনায়তনে

কলেজের ছাত্রদের উদ্দেশে ভাষণ দানকালে তিনি বলেন, ছাত্রদের এই ভূমিকা জাতির জন্ম গর্বের বিষয় এবং নতুন বাংলাদেশ গড়ার জন্ম চালিকাশক্তি হইতে পারে। খবর বাসস'র।

প্রেসিডেন্ট বলেন, ছাত্ররা জাতীয় সম্পদ এবং ভবিষ্যতের আশা। তাহারা জ্ঞানার্জন এবং হিতকর কর্মকাণ্ডের মাধ্যমে জাতীয় উন্নয়নে সর্বোত্তম অবদান রাখিতে পারে। তিনি ছাত্রদের ভবিষ্যতের কঠিন বাস্তবতার কথা স্মরণ করাইয়া দিয়া বলেন, সাহস ও দৃঢ়তার সহিত ভবিষ্যৎ দায়িত্ব পালনে নিজেদের তৈরী করার জন্ম ইহাই তোমাদের জীবনের (২য় পৃঃ দঃ)

ছাত্রদের গঠনমূলক ভূমিকা

(১ম পৃঃ পর)

সর্বাপেক্ষা উৎকৃষ্ট সময়। তোমাদের অবশ্যই চারটি নীতি সমন্বিত রাখিতে হইবে। এইগুলি হই-তেছে—শিক্ষা প্রতিষ্ঠানসমূহে উপযুক্ত শিক্ষার পরিবেশ সৃষ্টি ও বজায় রাখা, ছাত্র-শিক্ষক

স্ব-সম্পর্ক গড়িয়া তোলা, দলীয় রাজনীতি পরিহার করা এবং দেশ গড়ার কাজে শরীক হওয়া। তোমরা পথ-নির্দেশ হিসাবে এই নীতিগুলি মানিয়া চলিবে, কেহই তোমাদের মধ্যে নিহিত বিপুল শক্তির অপচয় করিতে পারিবে না। তিনি ছাত্রদের বিপথগামী এবং রাজনৈতিক উদ্দেশ্যে ব্যবহার করার যে-কোন হীন চক্রান্তের বিরুদ্ধে সতর্কবাণী উচ্চারণ করিয়া বলেন, তোমাদের রাজনৈতিক প্ররোচনা হইতে দূরে এবং রাজনৈতিক অঙ্গনের অশুভ লক্ষণ সম্পর্কে সজাগ থাকিতে হইবে।

বিপুল করতালির মধ্যে প্রেসিডেন্ট বলেন, ছাত্ররা আমার প্রাণপ্রিয়। তাহাদের যোগা নাগরিক হিসাবে দেখার জন্ম আমি যে-কোন কষ্ট স্বীকারে প্রস্তুত। প্রেসিডেন্ট ছাত্র ও শিক্ষকদের কল্যাণে তাহারা সরকারের গৃহীত ব্যবস্থার বিবরণ দিতে থাকিলে ছাত্ররা আনন্দে ফাটিয়া পড়ে। এই সময়ে তিনি বলেন, আমি তোমাদের সমস্যা স্বচক্ষে দেখার জন্ম দেশের এক প্রান্ত হইতে অপর প্রান্ত পর্যন্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ ঘুরিয়া ঘুরিয়া দেখিতেছি।

প্রেসিডেন্ট বলেন, দুই বছর পূর্বে শিক্ষা খাতে বাজেট বরাদ্দ ছিল ২৯৪ কোটি টাকা এবং তন্মধ্যে ৪০ কোটি টাকাই ছিল অব্যবহৃত। অথচ চলতি অর্থ বছরে এইখাতে ৪০০ কোটি টাকা বরাদ্দ ধরা হইয়াছে। এই বরাদ্দ ছাড়াও শিক্ষার সুযোগ প্রসার এবং উন্নয়নের জন্ম বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন-কালে প্রেসিডেন্টের ব্যক্তিগত তহবিল হইতে ১০ কোটি ৩২ লক্ষ টাকা প্রদান করা হইয়াছে। গত কয়েকমাসে ঢাকায় ইডেন গার্লস কলেজসহ ৮টি কলেজকে বিশ্ববিদ্যালয় কলেজে উন্নীত এবং ১৯টি কলেজ সরকারীকরণ হইয়াছে। বিশ্ববিদ্যালয় ছাত্রদের জন্ম আরও ৬টি আবাসিক হল এবং কলেজ ছাত্রদের জন্ম আরও ১৭টি আবাসিক হোটেল নির্মাণের ব্যবস্থাও নেওয়া হইয়াছে। বিশ্ববিদ্যালয়ের হলগুলিতে উন্নতমানের খাবার পরিবেশনের জন্ম ভতুকি প্রদান এবং ছাত্রদের যাতায়াত সুবিধার জন্ম পৃথক বাস চালু করা হইয়াছে। তিনি শহীদ সোহওয়ার্দী কলেজকে সরকারীকরণের কথা ঘোষণা করেন।

শিক্ষকদের কল্যাণ প্রসঙ্গে তিনি বলেন, তাহারা সরকার শিক্ষকদের মর্যাদার বিশ্বাসী। শিক্ষকগণ বাহাতে সম্মানজনক জীবন যাপনে সক্ষম হন সেইজন্য তাহাদের বিভিন্ন সুযোগ-সুবিধা দেওয়া হইয়াছে।

শিক্ষকদের মর্যাদার স্বীকৃতির প্রসঙ্গে তাহাদের যাতায়াত ভাতার ক্ষেত্রে দ্বিতীয় শ্রেণীর গেজেটেড অফিসারের পদমর্যাদাদান করা হইয়াছে। এখন আর তাহাদের চরিত্রগত সার্টিফিকেটের জন্ম সরকারী অফিসারদের নিকট যাইতে হয় না।

অনুষ্ঠানে অগ্ন্যস্তরের মধ্যে বক্তৃতা করেন কলেজের অধ্যক্ষ জনাব মোহাম্মদ হোসেন, কলেজের গভর্নিং বডির চেয়ারম্যান জনাব খান-ই-আলম খান। ঢাকা

শিক্ষকদের কল্যাণ প্রসঙ্গে তিনি বলেন, তাহারা সরকার শিক্ষকদের মর্যাদার বিশ্বাসী। শিক্ষকগণ বাহাতে সম্মানজনক জীবন যাপনে সক্ষম হন সেইজন্য তাহাদের বিভিন্ন সুযোগ-সুবিধা দেওয়া হইয়াছে।

শিক্ষকদের মর্যাদার স্বীকৃতির প্রসঙ্গে তাহাদের যাতায়াত ভাতার ক্ষেত্রে দ্বিতীয় শ্রেণীর গেজেটেড অফিসারের পদমর্যাদাদান করা হইয়াছে। এখন আর তাহাদের চরিত্রগত সার্টিফিকেটের জন্ম সরকারী অফিসারদের নিকট যাইতে হয় না।

অনুষ্ঠানে অগ্ন্যস্তরের মধ্যে বক্তৃতা করেন কলেজের অধ্যক্ষ জনাব মোহাম্মদ হোসেন, কলেজের গভর্নিং বডির চেয়ারম্যান জনাব খান-ই-আলম খান। ঢাকা